

ফাতওয়া নাম্বার: ৪০৪

প্রকাশকাল: ২৪-০৮-২০২৩ ইং

## মায়ূর ব্যক্তি কীভাবে নামায আদায় করবে?

**প্রশ্ন:**

কেউ নামাযের ওয়াক্ত শুরু হওয়ার পর নামায পড়া যায় পরিমাণ সময় পেয়েছিলো কিন্তু নামায পড়েনি। এরই মধ্যে তার অনবরত রক্ত পড়া কিংবা পেশাব বাডার মতো কোনও ওযর শুরু হয়ে যায় এবং তা ওয়াক্তের শেষ পর্যন্ত বহাল থাকে। এমতাবস্থায় তার করণীয় কী? সে কি ওয়াক্ত শেষ হওয়ার আগে ওযর নিয়েই নামায পড়ে নিবে।

উল্লেখ্য, তার ওযরটি পরবর্তী ওয়াক্তে থাকবে না, এটা তার জানা আছে।

**উত্তর:**

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله، والصلاة والسلام على رسول الله، أما بعد:

মায়ূর বলে গণ্য হওয়ার জন্য পূর্ণ একটি নামাযের ওয়াক্ত ওযর বহাল থাকা জরুরি। এর কম হলে মায়ূর হবে না। প্রশ্নোক্ত ব্যক্তি ওয়াক্ত শেষ হওয়ার আগ পর্যন্ত অপেক্ষা করবে, যদি ওযর দূর না হয়, তাহলে ওয়াক্তের শেষ সময়ে ওযর সহই অযু করে নামায আদায় করে নিবে। তবে পরবর্তী ওয়াক্তে তা কাযা করে নিতে হবে। কারণ, পরবর্তী পূর্ণ ওয়াক্তে ওযর বহাল না থাকলে সে মায়ূর গণ্য হবে না। -রদ্দুল মুহতার, দারুল ফিকর: ১/৩০৫; ফতোয়া হিন্দিয়া, দারুল ফিকর: ১/৪০

فقط. والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

১৮-০১-১৪৪৫ হি.

০৬-০৮-২০২৩ ই.

